

الْمُتَعَالَى

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৭৮ তম নাম ‘الْمُتَعَالَى’ আজকের আলোচনার বিষয়। আরবি ভাষায় ‘الْمُتَعَالَى’ শব্দের মূল و - ل - ع , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ৭০ বার এসেছে। সমুচ্চ করা, উঁচু করা, অতিক্রম করা, সর্বোচ্চ, শ্রেয়, উদ্ধত, উত্তোলিত ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْمُتَعَالَى অর্থ: ‘তিনি সর্বোচ্চ ক্ষমতাবান’।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

عَالِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ الْكَبِيرُ الْمُتَعَالَى ﴿٩﴾

তিনি গায়েব ও দৃশ্যের জ্ঞানী মহান ও সর্বোচ্চ মর্যাদার মালিক। (সূরা আর রা’দ: আয়াত নং ৯)

মুসলিম শরীফের হাদীস:

আল্লাহ ততক্ষণ পর্যন্ত তাঁর বান্দাকে সাহায্য করবেন, যতক্ষণ পর্যন্ত সে তার ভাইকে সাহায্য করবে।

একটি সুন্দর দোয়া:

اللهم إني أسألك حسن الخاتمة

হে আল্লাহ, আমি তোমার কাছে আমার জীবনের সুন্দর শেষ পরিসমাপ্তি প্রার্থনা করি।

সুতরাং, প্রিয় ভাই ও বোনেরা! আসুন আমরা আল কোরআন ও হাদিস মোতাবেক আমাদের জীবনকে পরিচালিত করি। কোরআন ও সহীহ হাদীসের জ্ঞান আমরা অর্জন করি। আমরা জানতাম না, এ ধরনের কৈফিয়ৎ আল্লাহ বিচারের দিন গ্রহণ করবেন না।

হে আল্লাহ, আমাদেরকে সঠিক জ্ঞান দান করো, আমাদের বন্ধকে দ্বীনের সঠিক তাৎপর্য বুঝার ও সে মোতাবেক আমল করার তৌফিক দান কর। আমাদেরকে শিরকমুক্ত ভাবে তোমার নির্দেশ পালন করার যোগ্যতা আমাদের দান কর।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহু।